আনসার ভিডিপি’র প্রশিক্ষিত

তরুণেরা দেশ পরিবর্তনের নিয়ামক শক্তি-আদিলুর রহমান খান

অন্তর্বর্তীকালীন সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়ের উপদেষ্টা আদিলুর রহমান খান বলেন আনসার ভিডিপি’র প্রশিক্ষিত তরুণেরা দেশ পরিবর্তনের নিয়ামক শক্তি। তারুণ্যের উৎসব ২০২৫-এর লক্ষ্য জাতিকে ঐক্যবদ্ধ করা, পারস্পরিক সহযোগিতার মানসিকতা গড়ে তোলা এবং বাংলাদেশের বৈচিত্র্য ও সংস্কৃতির সৌন্দর্যকে উদযাপন করা। তারুণ্যের সাথে যদি আরো উন্নত প্রশিক্ষণ যুক্ত হয় তাহলে সেটা আনসার ভিডিপি’ র সমৃদ্ধির গণ্ডি পেরিয়ে দেশের সামগ্রিক কল্যাণে ভূমিকা রাখবে। দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত বিস্তৃত আনসার-ভিডিপি ক্লাবগুলো অঞ্চলভিত্তিক উন্নয়নমূলক কর্মকান্ডের ক্ষেত্র ও চিন্তাধারার পারস্পরিক বিনিময়কেন্দ্র হিসেবে গড়ে উঠবে।

তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের ‘গণপ্রতিরক্ষা বাহিনী’ হিসেবে গড়ে উঠে দেশের আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণে অগ্রণী ভূমিকা পালন করবে। এছাড়াও আনসার ভিডিপি বাহিনীর অগ্রযাত্রায় বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণ এবং এই বাহিনীর তারুণ্য নির্ভর বৃহৎ সম্ভাবনাকে কিভাবে দেশের সামষ্টিক সমৃদ্ধিতে সম্পৃক্ত করা যায় মাননীয় উপদেষ্টা এ সংক্রান্ত ধারণা ও আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তা উৎসব- ২০২৫ উদযাপন উপলক্ষে ঢাকা মহানগরের নগর প্রতিরক্ষা দল (টিডিপি) মৌলিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

“এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” প্রতিপাদ্যকে উপজীব্য করে সারাদেশে উদযাপিত হচ্ছে তারুণ্যের উৎসব-২০২৫। এরই ধারাবাহিকতায় ঢাকা মহানগরের নগর প্রতিরক্ষা দলের মৌলিক প্রশিক্ষণকে সামনে রেখে আনসার সদর দপ্তরে রবিবারের এই বর্ণাঢ্য উদ্বোধনী আয়োজন। এই পর্যায়ে ঢাকা মহানগরের খিলগাঁও, মিরপুর, ভাটারা ও লালবাগ থানার মোট ২৫৬ জন মহিলা ও পুরুষকে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে।